কী মহা সমারোহে

হাওড়ায় বিসর্জনের শোভাযাত্রা। ছবি: কৌশিক কোলে

জেলায় জেলায় কার্নিভাল, বাংলা ভাসল জনজোয়ারে

আজকালের প্রতিবেদন

ধর্ম যার যার উৎসব সবার। মুখ্যমন্ত্রীর এই বার্তার যথার্থ ছবি ফুটে উঠল বিসর্জনের কার্নিভালে।

শুক্রবার জেলায় জেলায় বর্ণাঢ্য কার্নিভালের শোভাযাত্রা জনসমুদ্রের চেহারা নেয়। মেদিনীপুরে কার্নিভালে যোগ দিয়ে মন্ত্রী মানস ভুঁইয়া বলেন, 'যে–কোনও উৎসব কীভাবে সকলের মিলন উৎসবে পরিণত হয় তা একমাত্র বাংলাতেই দেখা যায়। এটাই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির কৃতিত্ব। সারা দেশ বাংলার দিকে তাকিয়ে রয়েছে। বাংলার পুজোকে ইউনেস্কো স্বীকৃতি দিয়েছে। বিশ্বের দরবারে পৌঁছে গেছে বাংলার নাম। এটা একটা বড় পাওনা। এর আগে কোনও মুখ্যমন্ত্রী, কোনও সরকার বাংলার জন্য এভাবে ভাবেননি।' এদিন মেদিনীপুরে বটতলা চক থেকে গোলকুঁয়া চক পর্যন্ত কার্নিভাল হয়। ১৭টি পুজো কমিটি যোগ দেয়। উপস্থিত ছিলেন মন্ত্রী শ্রীকান্ত মাহাতো, জেলাশাসক আয়েশা রানি, পুলিশ সুপার দীনেশকুমার, জেলার সব বিধায়ক, প্রাক্তন বিধায়ক গীতারানি ভুঁইয়া, পুরসভার চেয়ারম্যান সৌমেন খান, জেলা পরিষদের সভাধিপতি উত্তরা সিংহ হাজরা। একই ছবি ধরা পড়েছে বাঁকুড়ায়। সেখানেও প্রথমবার দুর্গাপুজো কার্নিভাল অনুষ্ঠিত হল। এদিন জেলার সেরা প্রতিমাগুলিকে নিয়ে কার্নিভালের আয়োজন করা হয়। জুনবেদিয়া মোড় থেকে এই কার্নিভাল শুরু হয়। শেষ হয় সতীঘাট মোড়ে। ২১টি পুজো কমিটি তাদের প্রতিমা নিয়ে এই কার্নিভালে অংশ নেয়। বাঁকুড়া শহর ও লাগোয়া গ্রামগুলি থেকে প্রচুর সংখ্যক উৎসাহী মানুষ এই কার্নিভাল দেখতে ভিড় করেন। জেলাশাসক কে রাধিকা আইয়ার ও পুলিশ সুপার বৈভব তেওয়ারি কার্নিভালে উপস্থিত ছিলেন। শহরে এমন কার্নিভালের আয়োজন আগে কখনও হয়নি। কার্নিভাল দেখে খুশি সাধারণ মানুষ।

রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে দক্ষিণ ২৪ পরগনার কুলপিতে অনুষ্ঠিত হয় দুর্গাপুজোর কার্নিভাল। বেলা সাড়ে চারটে থেকে কুলপি বিডিও অফিসের সামনে থেকে জেলার বাছাই করা ২৫টি পুজো কমিটি একে একে শোভাযাত্রা সহকারে এগিয়ে যায়। শোভাযাত্রা শেষ হয় কুলপি থানার সামনে। এখানে দুটি জলাশয়ে প্রতিমা নিরঞ্জনেরও ব্যবস্থা করা হয়। প্রতিটি পুজো কমিটি সাত মিনিট করে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান করার সুযোগ পায়। অনেক কমিটি প্রতিমাও নিয়ে এসেছিল। বিশ্ব বাংলা শারদ সম্মানে সম্মানিত পুজো কমিটি ছাড়াও জেলার বাছাই করা কিছু পুজো কমিটি অংশ নেয়। বিডিও অফিসের সামনের মঞ্চে উপস্থিত ছিলেন পরিবহণ দপ্তরের প্রতিমন্ত্রী দিলীপ মণ্ডল, জেলাশাসক সুমিত গুপ্তা, ডায়মন্ড হারবার, বারুইপুর ও সুন্দরবন জেলার পুলিশ সুপাররা। ছিলেন একাধিক বিধায়ক ও জনপ্রতিনিধিরা। এই কার্নিভাল দেখতে ১১৭ নম্বর জাতীয় সড়কের পাশে হাজার হাজার মানুষ উপস্থিত হন। পুলিশি নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছিল পুরো কুলপি চত্বর। সাময়িকভাবে ১১৭ নম্বর জাতীয় সড়কে যান চলাচল নিয়ন্ত্রণ করা হয়। পূর্ব জি টি রোডের ওপর সৎসঙ্গ মোড়ে (পুলিশ লাইন নিকট) ফিতে কেটে, ফ্ল্যাগ দেখিয়ে কার্নিভালের সূচনা করেন অভিনেতা চাঙ্কি পান্ডে। ছিলেন রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ, জেলাশাসক প্রিয়াঙ্কা সিংলা, সভাধিপতি শম্পা ধাড়া, সহ–সভাধিপতি দেবু টুডু ও বিধায়ক খোকন দাস প্রমুখ। কার্নিভাল দেখতে বর্ধমানে রাস্তার দু'পাশে উপচে পড়ে মানুষের ভিড়। মোট ৩১টি দুর্গাপুজো কমিটি তিনটি করে ট্যাবলো প্রদর্শন করে। এর মধ্যে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হয়। পাশাপাশি ঝাড়গ্রামে কার্নিভালে উপচে পড়ে ভিড়। এদিন ধামসা–মাদলের বোলে লোকনৃত্যের তালে শুরু হয় পুজো কার্নিভাল। ছিলেন মন্ত্রী বিরবাহা হাঁসদা, জেলাশাসক সুনীল আগরওয়াল, জেলা পুলিশ সুপার অরিজিৎ সিনহা, জেলার আরও তিন বিধায়ক দুলাল মুর্মু, ডাঃ খগেন্দ্র নাথ মাহাতো, দেবনাথ হাঁসদা, পুরপ্রধান কবিতা ঘোষ প্রমুখ। রাজ্য সরকারের উদ্যোগে এবং জেলা প্রশাসনের সহযোগিতায় শুরু হয় ঝাড়গ্রাম জেলা কার্নিভাল ২০২২। পুরুলিয়া জেলার প্রথম দুর্গাপুজো কার্নিভালকে কেন্দ্র করে উন্মাদনা ছিল তুঙ্গে। ভিক্টোরিয়া স্কুল ময়দান থেকে শহরের মেন রোড ধরে ট্যাবলোগুলি যায় রথতলা পর্যন্ত। মূল মঞ্চ করা হয় ট্যাক্সি স্ট্যান্ডে। ছিলেন মন্ত্রী সন্ধ্যারানি টুডু, সভাধিপতি সুজয় ব্যানার্জি, জেলাশাসক রজত নন্দা, জেলা পুলিশ সুপার এস সেলভামুরুগন–সহ অনেকে। মোট ১৩টি দুর্গাপুজো কমিটি কার্নিভালে অংশ নেয়। সিউড়িতেও পুজো কার্নিভাল হয়। সিউড়ির বেণীমাধব স্কুল মাঠ থেকে ১৩টি নির্বাচিত প্রতিমা নিয়ে শোভাযাত্রা শুরু হয়। কার্নিভালের শোভাযাত্রা শেষ হয় এসপি মোড়ে। সারা রাজ্যের সঙ্গে পূর্ব মেদিনীপুরেও কার্নিভালের আয়োজন করা হয় তমলুক শহরে। জেলার ১৪টি পুজো কমিটি অংশগ্রহণ করে। প্রদর্শনীর পাশাপাশি পারফর্ম করেন পুজো উদ্যোক্তারা। তাঁদের পারফর্মের ওপর ভিত্তি করে প্রথম তিনটি পুজোকে পুরস্কৃত করা হয়।

তথ্য সূত্র: বুদ্ধদেব দাস, আলোক সেন, গৌতম মণ্ডল, বিজয়প্রকাশ দাস, সোমনাথ নন্দী, দীপেন গুপ্ত, অনুপম বন্দ্যোপাধ্যায়, যজ্ঞেশ্বর জানা

বারাসতে বিসর্জনের শোভাযাত্রা। ছবি: ভবতোষ চক্রবর্তী

চুচুড়ায় বিসর্জনের শোভাযাত্রা। ছবি: পার্থ রাহা

খরচ বেড়েছে, দামও বেশি লক্ষ্মী প্রতিমার

গৌতম চক্রবর্তী

দেবী দুর্গার বিসর্জনের পালা শেষ। সপরিবারে দেবী বাপেরবাড়ি থেকে কৈলাসে নিজের ঘরে ফিরে গেছেন। দেবীর বিসর্জনে বাঙালির মনে বিষাদের সুর। তবে তার মধ্যেও লক্ষ্মী দেবীকে আরাধনার প্রস্তুতি শুরু হয়ে গেছে বাঙালির ঘরে ঘরে। বাজারে বিক্রি হতে শুরু করেছে লক্ষ্মী প্রতিমা। তবে এবার প্রতিমার দাম আকাশছোঁয়া। গত বছরের তুলনায় প্রায় দ্বিগুণ বেড়েছে এবারে প্রতিমার দাম। ফলে, মাথায় হাত গৃহস্থের। তাঁরা প্রতিমা কিনতে এসে দাম শুনে অবাক। বাজারে সব জিনিসেরই দাম বেড়েছে। ফলে লক্ষ্মী প্রতিমার দাম বাড়বে এটা বলার অপেক্ষা রাখে না। কিন্তু এতটা বাড়বে তা ভাবতে পারেননি ক্রেতারা। ছাঁচের প্রতিমা থেকে কাঠামোর প্রতিমা— সব প্রতিমারই দাম বেশি। সোনারপুরে ছাঁচের প্রতিমা বিক্রেতা রাজু মণ্ডল জানান, ছোট–বড় মিলিয়ে প্রায় দেড়শতাধিক লক্ষ্মী প্রতিমা নিয়ে এসেছি। সব প্রতিমাই আগের বছরের থেকে বেশি দামে কিনতে হয়েছে। ফলে, বিক্রিও করতে হচ্ছে বেশি দামে। গত বছরের তুলনায় এবার দাম প্রায় দ্বিগুণ। প্রতিমা তৈরির জিনিসের দাম বেশি হওয়াতেই দাম বেশি পড়ছে বলে জানান ওই প্রতিমা বিক্রেতা। অন্যদিকে, সোনারপুরের বাদামতলার বাসিন্দা মৃৎশিল্পী বিমল পাল জানান, এ বছর প্রতিমার সাজসজ্জার জিনিসের দাম ও লেবারদের মজুরি অনেকটাই বেড়ে গেছে, তাই কাঠামোর প্রতিমা তৈরি করতেও খরচ বেশি হচ্ছে। তাই কাঠামোর প্রতিমার দামও চড়া। বাড়ির পুজোয় কাঠামোর প্রতিমার অর্ডার কমই হয়েছে। বেশিরভাগ কাঠামোর প্রতিমার অর্ডার সর্বজনীন

সোনারপুরে লক্ষ্মী প্রতিমার সম্ভার। ছবি: প্রতিবেদক

আহত পুলিশ, গ্রেপ্তার ৬

আজকালের প্রতিবেদন

হুগলি, ৭ অক্টোবর

বিসর্জনের বিশৃঙ্খলা রুখতে গিয়ে আহত পুলিশকর্মী। ঘটনায় অভিযুক্ত সিভিক ভলান্টিয়ার–সহ ৬ জনকে গ্রেপ্তার করে পুলিশ। ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার রাতে হুগলির তারকেশ্বর থানার অন্তর্গত সামসেরপুর এলাকায়। জানা গেছে, বৃহস্পতিবার রাতে তারকেশ্বরের সামসেরপুর সর্বজনীন দুর্গোৎসব কমিটির দুর্গা প্রতিমা বিসর্জন চলাকালীন ভিড়ের মধ্যে এক আটোচালককে আস্তে গাড়ি চালানোর জন্য অনুরোধ করেন পুজো কমিটির সদস্যরা। ওই আটোর চালক ছিলেন হরিপাল থানার সিভিক কর্মী পশুপতি মালিক। বাধা পেয়ে তখনকার মতো ফিরে যেতে হয় তাঁকে। এখানেই শেষ নয়, কিছুক্ষণের মধ্যেই জনা পঞ্চাশ যুবককে সঙ্গে নিয়ে এসে পুজো কমিটির সদস্যদের ওপর চড়াও হয়। চলে মারধর। বাধা দেননি মণ্ডপ সংলগ্ন এলাকায় কর্তব্যরত পুলিশকর্মীও। অভিযোগ, ব্যাপক ভাঙচুর এবং মারধর চালানো হয়। এর পরই ঘটনায় যুক্ত থাকা হরিপাল থানায় কর্মরত সিভিক পুলিশ পশুপতি মালিক–সহ ৬ জনকে গ্রেপ্তার করে তারকেশ্বর থানার পুলিশ। একইসঙ্গে ১২টি আটো বাজেয়াপ্ত করে পুলিশ। ধৃতদের এদিন চন্দননগর মহকুমা আদালতে তোলা হয়েছে।

আজকাল
কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন
১২টি শব্দ ২৫০ টাকা
অতিরিক্ত শব্দ ১৮ টাকা

ফর্ম নং: আইএনসি–২৬
[কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০ অনুযায়ী]
এক রাজ্য থেকে অন্য রাজ্যে রেজিস্টার্ড অফিস স্থানান্তরের জন্য সংবাদপত্রে বিজ্ঞপ্তি
রিজিওনাল ডিরেক্টর, ইস্টার্ন রিজিয়ন, কলকাতা সমীপে।
কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৩ (৪) ধারা এবং কোম্পানিজ (ইনকর্পোরেশন) রুলস, ২০১৪–এর রুল ৩০–এর সাব রুল (৫)–এর ক্লজ (এ) এবং বিষয়ক
ও
বিষয়: **মেঃ আদিত্য মালটিকম প্রাইভেট লিমিটেড,** রেজিস্টার্ড অফিস: ১২, ওয়াটারলু স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০ ০৬৯।
.... আবেদনকারী
এতদ্দ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, ০৩ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত উক্ত আবেদনকারী কোম্পানির বিশেষ সাধারণ সভায় গৃহীত একটি বিশেষ সিদ্ধান্ত অনুযায়ী কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ১৩ ধারাধীনে **'পশ্চিমবঙ্গ রাজ্য'** থেকে **'ঝাড়খন্ড রাজ্য'**তে এই কোম্পানির রেজিস্টার্ড অফিস স্থানান্তরের উদ্দেশ্যে এই কোম্পানির সঙ্ঘস্মারকের পরিবর্তনের বিষয়টি নিশ্চিত করার জন্য আবেদনকারী কোম্পানির তরফে কেন্দ্রীয় সরকারের কাছে একটি আর্জি পেশ করার প্রস্তাব আনা হয়েছে।
এই কোম্পানির রেজিস্টার্ড অফিসের প্রস্তাবিত উক্ত স্থানান্তরে কারও স্বার্থ ক্ষুণ্ণ হলে বা ক্ষুণ্ণ হওয়ার সম্ভাবনা আছে বলে মনে করলে তিনি/তাঁরা **এমসিএ–২১ পোর্টাল (www.mca.gov.in)**–তে ইনভেস্টর কমপ্লেন ফর্ম দাখিল করে কিংবা এই বিজ্ঞপ্তি সংবাদপত্রে প্রকাশিত হওয়ার তারিখ থেকে চোদ্দ দিনের মধ্যে **রিজিওনাল ডিরেক্টর, করপোরেট বিষয়ক মন্ত্রক, ইস্টার্ন রিজিয়ন, নিজাম প্যালেস, ২য় এমএসও বিল্ডিং, চতুর্থ তল, ২৩৪/4, এ জে সি বোস রোড, কলকাতা– ৭০০ ০২০**–এর কাছে তাঁর (পুং/ স্ত্রী) স্বার্থের ধরন ও বিরোধিতার কারণ উল্লেখ করে লিখিতভাবে জানান বা রেজিস্টার্ড ডাকে পাঠান এবং এর সঙ্গে একটি হলফনামা দ্বারা বক্তব্য সমর্থিত হওয়া আবশ্যক এবং এর একটি কপি অবশ্যই আবেদনকারী এই কোম্পানির উক্ত রেজিস্টার্ড অফিসের ঠিকানায় পেশ করতে হবে:
১২, ওয়াটারলু স্ট্রিট, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০ ০৬৯।
আবেদনকারী আদিত্য মালটিকম প্রাইভেট লিমিটেড –এর জন্য ও তরফে
স্বাঃ/–
সতীশ কুমার সিং (ডিরেক্টর)
তারিখ: ০৭.১০.২০২২
স্থান: কলকাতা
DIN: 01287110

ফর্ম নং: এনসিএলটি ৩এ
পিটিশনের বর্ণনা দিয়ে বিজ্ঞাপন
[ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল রুলস ২০১৬–এর রুল ৩৫ দেখুন]
বিষয়: **ডার্ট সাপ্লায়ারস প্রাইভেট লিমিটেড** (ট্রান্সফারি কোম্পানি)–এর সঙ্গে **আইনক্স ট্রেড প্রাইভেট লিমিটেড** (ট্রান্সফারার কোম্পানি নং ১), **ইকুয়েট সাপ্লায়ারস প্রাইভেট লিমিটেড** (ট্রান্সফারার কোম্পানি নং ২), **হারমনি ভিনকম প্রাইভেট লিমিটেড** (ট্রান্সফারার কোম্পানি নং ৩), **ধনকুবের ট্রেডার্স প্রাইভেট লিমিটেড** (ট্রান্সফারার কোম্পানি নং ৪)–এর সংযুক্তিকরণ স্কিম।
ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল, কলকাতা বেঞ্চ সমীপে
কোম্পানি পিটিশন সিপি (সিএএ) নং: ১৩৭/কেবি/২০২২
যার সঙ্গে সম্পর্কিত
কোম্পানি আবেদন (সিএএ) নং: ৬৯/কেবি/২০২২
পিটিশনের নোটিস
ডার্ট সাপ্লায়ারস প্রাইভেট লিমিটেড (PAN: AAACD9098G) (ট্রান্সফারি কোম্পানি)–এর সঙ্গে **আইনক্স ট্রেড প্রাইভেট লিমিটেড** (PAN: AACCI0298P) (ট্রান্সফারার কোম্পানি নং ১), **ইকুয়েট সাপ্লায়ারস প্রাইভেট লিমিটেড** (PAN: AACCE3827C) (ট্রান্সফারার কোম্পানি নং ২), **হারমনি ভিনকম প্রাইভেট লিমিটেড** (PAN: AACCH3938B) (ট্রান্সফারার কোম্পানি নং ৩), **ধনকুবের ট্রেডার্স প্রাইভেট লিমিটেড** (PAN: AACCD6284G) (ট্রান্সফারার কোম্পানি নং ৪)–এর সংযুক্তিকরণ স্কিম অনুমোদনের জন্য উপরিলিখিত আবেদনকারীদের তরফে সি এ গোপাল কুমার খেতান, ২ এ, গণেশচন্দ্র এভিনিউ, ১০ম তল, রুম নং ০৫, কলকাতা ৭০০০১৩ (রেকর্ডে প্র্যাক্টিশনার) কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩–এর ২৩০ থেকে ২৩২ নং ধারাধীনে ১৯ সেপ্টেম্বর, ২০২২ তারিখে একটি পিটিশন পেশ করা হয়েছে (৩০ জুলাই, ২০২২–এ পেশ) এবং উক্ত পিটিশনটি ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনালের কলকাতা বেঞ্চে ২৬ অক্টোবর, ২০২২ তারিখে শুনানি হবে বলে স্থির হয়েছে।
উক্ত পিটিশনে কোনও ব্যক্তি সমর্থন বা বিরোধিতা করতে চাইলে নিজের নাম ও ঠিকানার সঙ্গে তাঁর ইচ্ছা বিবৃত করে নোটিস এই পিটিশনারগণের প্র্যাক্টিশনারের কাছে এমনভাবে পাঠাবেন যাতে সেটি এই শুনানির নির্ধারিত তারিখের কমপক্ষে দু'দিন আগে এই পিটিশনারগণের প্রতিনিধির কাছে জমা পড়ে। কোনও ব্যক্তি এই পিটিশনের বিরোধিতা করতে চাইলে নিজস্ব এফিডেভিট সহ বিরোধিতার কারণ উল্লেখ করে ওই নোটিসের সঙ্গে সংলগ্ন করে দেবেন। প্রযোজ্য অর্থাঙ্ক আদায় দিয়ে যে কোনও ব্যক্তি নিম্নস্বাক্ষরকারীর কাছ থেকে ওই পিটিশনের কপি সংগ্রহ করতে পারেন।
স্বাঃ–
সি এ গোপাল কুমার খেতান, (রেকর্ডে প্র্যাক্টিশনার), ২ এ, গণেশচন্দ্র এভিনিউ, ১০ম তল, রুম নং ০৫, কলকাতা ৭০০০১৩
স্থান: কলকাতা
তারিখ: ০৮.১০.২০২২

বৈঁক ऑफ़ बड़ौदा Bank of Baroda
গ্রেটার কলকাতা রিজিওন
৪র্থ তল, বরোদা টাওয়ার, জিএন ৩৮/২
সেক্টর V, সল্ট লেক, কলকাতা–৭০০ ০৯১
নতুন প্রেমিসেসে ব্রাঞ্চ স্থানান্তরের কারণে বনগাঁ ব্রাঞ্চের গ্রাহক এবং লকার ধারকদের প্রতি বিজ্ঞপ্তি
ব্যাঙ্ক অফ বরোদার বনগাঁ ব্রাঞ্চ, ২৮২, রামনগর রোড, বনগাঁ, পশ্চিমবঙ্গ ৭৪৩২৩৫ এর সকল গ্রাহক এবং লকার ধারকদের জ্ঞাতার্থে এতদ্দ্বারা জানানো যাচ্ছে যে, আমাদের ব্রাঞ্চ ৩১ অক্টোবর, ২০২২ তারিখের পর যে কোনও দিন দিলীপ দত্তর বাড়ির দ্বিতীয় তল, রামনগর রোড, বনগাঁ, পশ্চিমবঙ্গ ঠিকানাস্থিত নতুন প্রেমিসেসে স্থানান্তরিত করা হবে।
এই ব্রাঞ্চের সমস্ত লকার গ্রাহকদের জানানো হচ্ছে যে লকারের মধ্যে থাকা উপকরণগুলির যাতে কোনও ক্ষতি না হয়, লকারগুলি স্থানান্তরের সময় সে ব্যাপারে যথাযথ সুরক্ষা ও সতর্কতা অবলম্বন করা হবে। তা সত্ত্বেও, আমাদের বনগাঁ ব্রাঞ্চের সকল লকার ধারকদের এটা খেয়াল রাখতে অনুরোধ করা হচ্ছে, যদি আপনাদের লকারে কোনও ভঙ্গুর দফা/দ্রব্য থেকে থাকে, তাহলে তা লকার ক্যাবিনেটগুলি ও ব্রাঞ্চ স্থানান্তরের আগে যে কোনও কাজের দিনে কাজ চলার মেয়াদে এই ব্রাঞ্চে এসে লকারে রাখা সেই ধরনের দ্রব্যগুলি সরিয়ে নেওয়ার ব্যবস্থা করুন।
নতুন স্থানে লকারগুলি স্থানান্তরের সময় লকারে থাকা কোনও দফা/দ্রব্যের অনিচ্ছাকৃত ক্ষতির জন্য এই ব্যাঙ্ক দায়ী থাকবে না।
উল্লিখিত প্রেমিসেস থেকে সমস্ত ব্যাঙ্কিং বিজনেস চালানো হবে। এই ব্যাপারে আপনাদের অসুবিধার জন্য আমরা গভীরভাবে অনুতপ্ত এবং আমরা আপনাদের সর্বোত্তম পরিষেবা দেওয়ার ব্যাপারে আশ্বাস দিচ্ছি।
তারিখ: ০১.১০.২০২২ — **ব্রাঞ্চ ম্যানেজার**
স্থান: বনগাঁ — **ব্যাঙ্ক অফ বরোদা, বনগাঁ ব্রাঞ্চ**

ADITYA BIRLA CAPITAL
PROTECTING INVESTING FINANCING ADVISING
আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড
রেজিস্টার্ড অফিস: ইন্ডিয়ান রেয়ন কম্পাউন্ড, ভেরাভল, গুজরাট–৩৬২২৬৬
ব্রাঞ্চ অফিস: আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড, ৩য় তল, বাঙ্গুর বি এফ এল এস্টেট, ৩১ চৌরঙ্গী রোড, কলকাতা–৭০০০১৬
১. এবিএইচএফএল: অনুমোদিত আধিকারিক মিঃ কৃষ্ণ মুখার্জি, ফোন নং ৯৮৭৪২৫৮২৮৫
২. নিলাম পরিষেবা দাতা (এএসপি) মে ই প্রোকিওরমেন্ট টেকনোলজিস লিমিটেড–অকশন টাইগার, মিঃ রাম শর্মা, ফোন নং ৯১ ৮০০০০২৩২৯৭
স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) এর সংস্থানসমূহ সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ(সমূহ) বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
ঋণগ্রহীতাগণ ও জনসাধারণের জন্য এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, ঋণগ্রহীতাগণ মিঃ অভিষেক ত্রিবেদী ও সঙ্গীতা ত্রিবেদী–এর থেকে আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা) এর পাওনা বাবদ **টাকা ₹১৩,৩৪,০৮৪.৪৩ (তেরো লক্ষ চৌত্রিশ হাজার চুরাশি টাকা তেতাল্লিশ পয়সা মাত্র)** তদুপরি আদায়ের তারিখ পর্যন্ত পরবর্তী সুদ ও অন্যান্য খরচাপাতি পুনরুদ্ধারের লক্ষ্যে জামিনযুক্ত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং আদিত্য বিড়লা হাউজিং ফিনান্স লিমিটেড (জামিনযুক্ত ঋণদাতা) এর অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া হয়েছে নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি 'যেখানে আছে সেখানে', 'যা কিছু আছে তা' এবং 'যেখানে যেভাবে আছে সেভাবে' ভিত্তিতে বিক্রি করা হবে **১১.১১.২০২২**–এ।
সংরক্ষণ মূল্য **₹১৩,০০,০০০/– (তেরো লক্ষ টাকা মাত্র)**, বায়নাজমা (ইএমডি) **₹১,৩০,০০০/– (এক লক্ষ ত্রিশ হাজার টাকা মাত্র)**। ইএমডি জমার শেষ তারিখ **১০.১১.২০২২**, পরিদর্শনের তারিখ ও সময় **০৯.১১.২০২২ বেলা ১১.০০ টা থেকে ৪.০০ টে।**
স্থাবর সম্পত্তির বিবরণ
''ওম অ্যাপার্টমেন্টের'' দ্বিতীয় তলে (উত্তরপূর্ব কোণে) সুপার বিল্ট পরিমাপিত (মোজাইক) প্রায় ৪০০ বর্গফুট ফ্ল্যাট নং ১/ডি এর সকল অপরিহার্য অংশ এবং উক্ত ফ্ল্যাটের পুরসভা হোল্ডিং নং ৭৭–এল, বি টি রোড, ভিভে নগর, ওয়ার্ড নং ২৩, পোঃ ও থানা–খড়দহ পিন–৭০০১১৯, জেলা–২৪ পরগনা (উত্তর)। উক্ত ফ্ল্যাটের চৌহদ্দি: উত্তরে: পান্নালাল খটিক এবং রা গোবিন্দ, দক্ষিণে: ফ্ল্যাট নং ১সি, পূর্বে: শিবু সাউ এর বাড়ি এবং পশ্চিমে: সিঁড়ি ও লবি
তারিখ: ০৮.১০.২০২২ — **অনুমোদিত আধিকারিক**
স্থান: কলকাতা — **আদিত্য বিড়লা হাউসিং ফিনান্স লিমিটেড**

ICICI Bank
রেজিস্টার্ড ঠিকানা: আইসিআইসিআই ব্যাঙ্ক টাওয়ার, চকলি সার্কলের কাছে, ওল্ড পডরা রোড, বদোদরা– ৩৯০০০৭
কর্পোরেট অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক টাওয়ার্স, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা (ইস্ট), মুম্বই– ৪০০০৫১
রিজিওনাল অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, আরপিসি, বিপি–৪, টেকনোপলিস বিল্ডিং, দ্বিতীয় তল, সেক্টর–৫, সল্ট লেক সিটি, কলকাতা– ৭০০০৯১
ইচ্ছাকৃত খেলাপকারী বিষয়ে আরবিআই মাস্টার সার্কুলার অনুসারে কারণ দর্শানোর নোটিস
নাম ও ঠিকানা: মিঃ সুশীল কুমার বনশালী [মেসার্স ইস্টার্ন গ্যাসেস লিমিটেড (লিকুইডেশন অধীন) এর প্রোমোটার/ পূর্ণমেয়াদি ডিরেক্টর এবং জামিনদার হিসেবে, ৪৩, প্যালেস কোর্ট, ১, কিড স্ট্রিট, থানা– পার্ক স্ট্রিট, কলকাতা– ৭০০০১৬, পশ্চিমবঙ্গ]
আমরা, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড (**'ব্যাঙ্ক'**), অনুরোধের প্রেক্ষিতে মেসার্স ইস্টার্ন গ্যাসেস লিমিটেড (**'ইজিএল'** বা **'কোম্পানি'**) এর প্রতি বিবিধ ঋণের সুবিধা মঞ্জুর করেছিলাম, যা আপনি, মিঃ সুশীল কুমার বনশালী দ্বারা গ্যারান্টি প্রদত্ত ছিল। মঞ্জুরকৃত সুবিধার অতিরিক্ত রূপে, ইজিএল মঞ্জুরকৃত উত্তোলন ক্ষমতার অধিক অর্থাঙ্ক উত্তোলনও করেছে। ইজিএল তার দায় পরিশোধে ব্যর্থ হয়েছে এবং অবহেলা করেছে যার মধ্যে অন্তর্ভুক্ত উক্ত সুবিধাবলির প্রেক্ষিতে অনাদায়ী বকেয়া পরিশোধ এবং উক্ত সুবিধাবলি মঞ্জুরির নথিপত্রে উল্লিখিত শর্ত ও নিয়মাবলির সাপেক্ষে বিবিধ উল্লঙ্ঘণ ও খেলাপ করেছে।
খেলাপের ঘটনা চলতে থাকার কারণে ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখ থেকে এই ব্যাঙ্ক ইজিএল এর ঋণ অ্যাকাউন্টগুলি অনুৎপাদক পরিসম্পদ হিসেবে শ্রেণিবদ্ধ করেছে এবং ৮ মে, ২০১৭ ও ৬ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের নোটিস মোতাবেক উক্ত সুবিধাবলি প্রত্যাহার করেছে।
আরবিআই এর নির্দেশিকা অনুসারে ব্যাঙ্কের এগজিকিউটিভ ডিরেক্টরের নেতৃত্বাধীন ও অপর দু'জন উচ্চতর আধিকারিককে নিয়ে গঠিত উচ্চতর কার্যাধিকারিকদের কমিটির ১৬ মার্চ, ২০২১ তারিখে আয়োজিত সভায় প্রদত্ত রায়ের ভিত্তিতে নিম্নলিখিত কারণে আপনাদের কেন ইচ্ছাকৃত খেলাপকারী ঘোষণা করা হবে না, তার কারণ দর্শানোর নির্দেশ দেওয়া হয়েছে।
• নির্দিষ্ট যে উদ্দেশ্য পূরণে অর্থাঙ্ক মঞ্জুর করা হয়েছিল, তার তহবিল অপসারণ এবং উক্ত উদ্দেশ্যে পূরণে সেই অর্থাঙ্ক ব্যবহার না–করা।
তদনুসারে, এই ব্যাঙ্ক ২৪ মে, ২০২১ তারিখ সংবলিত কারণ দর্শানোর নোটিস জারি করেছিল যার মাধ্যমে উক্ত নোটিস প্রাপ্তির তারিখ থেকে ২১ দিনের মধ্যে ইচ্ছাকৃত খেলাপকারী বিষয়ক আরবিআই মাস্টার সার্কুলারের ধারা নং ২.২.২ সহ পঠনীয় ধারা নং ২.১.৩(সি) এর অধীনে কেন আপনাদের ইচ্ছাকৃত খেলাপকারী ঘোষণা করা হবে না, লিখিতভাবে তা জানানোর জন্য আপনাদের প্রতি আহ্বান জানানো হয়েছিল, যদিও সেই নোটিসটি অবিলিকৃত অবস্থায় ফেরত এসেছে।
এই প্রকাশনের মাধ্যমে আমরা এই প্রকাশনের তারিখ থেকে ২১ দিনের মধ্যে আপনাদের জবাব আহ্বান করছি। নির্ধারিত সময়সীমার মধ্যে কোনও জবাব না–পাওয়া গেলে আপনাদের উত্তর দেওয়ার অধিকার বাজেয়াপ্ত করা হল বলে প্রতিপন্ন হবে এবং এমনটাই ধরে নেওয়া হবে যে আপনাদের কোনও জবাব দেওয়ার নেই এবং উপরিলিখিত কমিটির সামনে পেশ করা নথিসমূহ/ প্রমাণের ভিত্তিতে রায়দানে আর কোনও বাধা থাকবে না। উক্ত সার্কুলারের শর্তানুসারে এর অতিরিক্ত রূপে, এই কমিটির কাছে ব্যক্তিগত শুনানির জন্যও আপনারা অনুরোধ জানাতে পারেন। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, আইন এবং/বা চুক্তি বা উভয়ের অধীনে ব্যাঙ্কের প্রতি উপলব্ধ অধিকার ও প্রতিকারের প্রতি কোনও প্রকার পক্ষপাতবিহীনভাবে এই নোটিসটি আপনাদের প্রতি জারি করা হল।
দ্রষ্টব্য: বিশদে জানতে আপনারা আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেডের মিঃ অভিষেক ভার্মার সঙ্গে ৭০০৪৯৭২৮৫৪ নম্বরে যোগাযোগ করতে পারেন অথবা লিখে জানাতে পারেন এখানে: **verma.ab@icicibank.com**.
তারিখ: ০৭ অক্টোবর, ২০২২ — **স্বাঃ– অনুমোদিত আধিকারিক**
স্থান: কলকাতা — **আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড এর তরফে**

ফর্ম 'জি'
ভারতের বিভিন্ন স্থানে প্লাস্টিক পণ্য এবং অটো উপাংশ ডিভিশনে কার্যরত সিনটেক্স–বিএপিএল লিমিটেড এর জন্য আগ্রহ প্রজ্ঞাপনের জন্য আমন্ত্রণ
[ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপসি (ইনসলভেন্সি রেজোলিউশন প্রোসেস ফর কর্পোরেট পারসনস) রেগুলেশনস, ২০১৬ এর রেগুলেশন ৩৬এ(১) অধীনে]

দরকারি তথ্যাবলি

১	কর্পোরেট ঋণগ্রহীতার নাম এবং সিআইএন	**সিনটেক্স–বিএপিএল লিমিটেড** U25199GJ2007PLC051364
২	রেজিস্টার্ড অফিসের ঠিকানা	অভিজিৎ–I, অষ্টম তল, মিঠাখালি সিক্স রোডস, এল্লিসব্রিজ, আহমেদাবাদ, গুজরাট– ৩৮০০০৬
৩	ওয়েবসাইটের ইউআরএল	**http://www.sintexbapl.co.in/**
৪	সিংহভাগ স্থায়ী পরিসম্পদ যেখানে অবস্থিত, সেই স্থানের বিশদ বিবরণ	ভারতে ১২টি ম্যানুফ্যাকচারিং ফেসিলিটি: (১) কলোল– পিপি ডিভিশন; (২) উলুবেড়িয়া– পিপি ডিভিশন, (৩) নমককল– পিপি ডিভিশন; (৪) নালাগড়– পিপি ডিভিশন; (৫) বুইটিবোরি– পিপি ডিভিশন; (৬) গুয়াহাটি– পিপি ডিভিশন; (৭) পুনে– আইসিএম ডিভিশন; (৮) সোহনা– আইসিএম ডিভিশন; (৯) চেন্নাই ১– আইসিএম ডিভিশন; (১০) চেন্নাই ২– আইসিএম ডিভিশন; (১১) পিতমপুরা– আইসিএম ডিভিশন; (১২) হোসুর– আইসিএম ডিভিশন। কর্পোরেট ঋণগ্রহীতা সম্পর্কিত বিশদ তথ্য **'টিজার'**–এ দেওয়া আছে যা এই ওয়েবসাইটে আপলোড করা আছে: **http://www.sintexbapl.co.in/**
৫	মূল পণ্য/পরিষেবার ইনস্টলড ক্যাপাসিটি	নিচে দেখুন

৫ — প্লাস্টিক প্রোডাক্টস ডিভিশন

সেকশন	মেট্রিক টনে বার্ষিক প্ল্যান্ট ক্যাপাসিটি (মিক্স এসকেইউ)
প্লাস্টিক সেকশন (পিএস)	৯,৩৬০
শিট মোল্ডেড কম্পাউন্ড (এসএমসি)	১১,২৩২
ফাইবার–রিইনফোর্সড প্লাস্টিক (এফআরপি)	১,২০০
আরওটিও মোল্ডিং	৩২,৫৫৬
ব্লো মোল্ডিং (বিএমসি)	১৫,০৩৬
মোট	**৬৯,৩৮৪**

ইন্ডিয়ান কাস্টম মোল্ডিং (অটো) ডিভিশন

সেকশন	মেট্রিক টনে বার্ষিক প্ল্যান্ট ক্যাপাসিটি (মিক্স এসকেইউ)
ব্লো মোল্ডিং	২,৬৯৯
ইনজেকশন মোল্ডিং	১২,৬২৮
থার্মোস্যাট	১৭৪
মোট	**১৫,৫০২**

দ্রষ্টব্য: ক্যাপাসিটি (ক্ষমতা) এবং ক্যাপাসিটি ইউটিলাইজেশন (ব্যবহৃত ক্ষমতা) গণনা করা হয়েছে প্রযুক্তি, মেশিন, পণ্য ও পণ্যের আকারের মিশ্রণের (মিক্স) ভিত্তিতে। মিশ্রণে কোনও পরিবর্তন হলে ক্ষমতা এবং ব্যবহৃত ক্ষমতার ওপর তার প্রভাব পড়বে।

৬ — শেষ অর্থবর্ষে বিক্রিত মূল পণ্য/পরিষেবার পরিমাণ এবং অর্থমূল্য

প্লাস্টিক প্রোডাক্টস ডিভিশন (অর্থবর্ষ ২২)

মূল পণ্যের গ্রুপ	মেট্রিক টনে নেট পরিমাণ	অর্থমূল্য (কোটি টাকায়)
ওয়াটার ট্যাঙ্ক (আরওটিও এবং বিএমসি)	১৩,৩৪৬	৩৫৩
এসএমসি এবং এফআরপি	৩,২৫১	৯৫

ইন্ডিয়ান কাস্টম মোল্ডিং (অটো) ডিভিশন (অর্থবর্ষ ২২)

মূল পণ্যের গ্রুপ	মেট্রিক টনে নেট পরিমাণ	অর্থমূল্য (কোটি টাকায়)
ইনজেকশন মোল্ডিং	১০,৪৩৫	২২৭.৭০

দ্রষ্টব্য: ভিন্ন পণ্য এসকেইউ এর পরিমাপের একক ভিন্ন হওয়ার কারণে উপরিলিখিত ইন্টারনাল ওয়ার্কিং কোম্পানির টিমের অনুমানের ভিত্তিতে যতদূর সম্ভব কনভার্সন ফ্যাক্টর অনুযায়ী করা হয়েছে।
দ্রষ্টব্য: মোট বিক্রির ১০% আসছে পণ্যের থেকে, এমনটাই বিবেচনা করা হয়েছে।

৭ — কর্মী/শ্রমিকের সংখ্যা (৩১ আগস্ট, ২০২২ অনুযায়ী)

ডিভিশন	সংখ্যা*
প্লাস্টিক প্রোডাক্টস	১,৮০৭
ইন্ডিয়ান কাস্টম মোল্ডিং (অটো)	১,২৩১

* **দ্রষ্টব্য:** এর মধ্যে কর্মচারী, স্থায়ী শ্রমিক এবং ঠিকা শ্রমিকদের ধরা আছে।

৮	সর্বশেষ উপলব্ধ দুই বছরের আর্থিক বিবৃতি (তফসিল সহ), ঋণদাতাদের তালিকা, প্রক্রিয়া সম্পর্কিত পরবর্তী ঘটনাবলির প্রাসঙ্গিক তারিখ ইত্যাদি বিশদ তথ্য যেখানে পাওয়া যাবে:	**http://www.sintexbapl.co.in/** এর সিআইআরপি ট্যাব দেখুন অথবা **RP.SintexBAPL@IN.GT.COM** আইডি–তে ই–মেল পাঠান।
৯	উক্ত কোডের ২৫(২)(এইচ) ধারাধীনে রেজোলিউশন আবেদনকারীদের যোগ্যতামান এখানে পাওয়া যাবে:	**http://www.sintexbapl.co.in/** এর সিআইআরপি ট্যাবে এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট (ইওআই) প্রসেস ডকুমেন্ট দেখুন অথবা **RP.SintexBAPL@IN.GT.COM** আইডি–তে ই–মেল পাঠান।
১০	এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট প্রাপ্তির শেষ তারিখ	১৪ অক্টোবর, ২০২২*
১১	সম্ভাব্য রেজোলিউশন আবেদনকারীদের প্রভিশনাল তালিকা জারির তারিখ	২৪ অক্টোবর, ২০২২*
১২	প্রভিশনাল তালিকার বিরুদ্ধে অভিযোগ পেশের শেষ তারিখ	২৯ অক্টোবর, ২০২২*
১৩	ইওআই জমার প্রসেস ই–মেল আইডি	**RP.SintexBAPL@IN.GT.COM**

** সিওসি–র অনুমোদন সাপেক্ষ।*
দ্রষ্টব্য: উক্ত সংশোধিত সময়সারণি সিআইআরপি সময়সারণি থেকে কিছু সময়ের বাদ সাপেক্ষ, যোগ্য কর্তৃপক্ষ দ্বারা মঞ্জুর হলে।
দ্রষ্টব্য: যোগ্য রিজোলিউশন আবেদক, যারা ২২ সেপ্টেম্বর ২০২২–এর ফরম জি সাপেক্ষে ইওআই জমা করেছিলেন, তাদের ফের ইওআই জমার দরকার নেই।
স্বাঃ–**আশিষ ছওছারিয়া**
(IBBI/IPA-001/IP-P00294/2017-18/10538)
সিনটেক্স–বিএপিএল লিমিটেড এর জন্য রেজোলিউশন প্রোফেশনাল
ই–মেল: RP.SintexBAPL@in.gt.com
আইবিবিআই এর কাছে রেজিস্টার্ড ঠিকানা:
গ্র্যান্ট থর্নটন, ১০সি, হাঙ্গারফোর্ড স্ট্রিট, কলকাতা– ৭০০০১৭, পশ্চিমবঙ্গ
ই–মেল: Ashish.Chhawchharia@in.gt.com
তারিখ: ০৭ অক্টোবর, ২০২২
স্থান: আহমেদাবাদ